যুগান্তর

তারিখ ...... 3 SEP 2009
পৃষ্ঠা ...১৭... কলাম ...৭...

বরগুনা সরকারি কলেজ

# অধ্যক্ষ-উপাধ্যক্ষসহ ২৬টি পদ দীর্ঘদিন শূন্য


বরগুনা প্রতিনিধি

শিক্ষক, শ্রেণীসংকট, ছাত্রীনিবাস এবং আনুষঙ্গিক সুযোগ-সুবিধার অভাবে দক্ষিণাঞ্চলে ১৯৬৯ সালে প্রতিষ্ঠিত বরগুনা সরকারি কলেজটির শিক্ষা কার্যক্রম দিন দিন ব্যাহত হচ্ছে। দীর্ঘদিনের এ সমস্যা সমাধান না হওয়ায় কলেজের প্রায় ৩ হাজার শিক্ষার্থীর শিক্ষা কার্যক্রম মুখ থুবড়ে পড়েছে।

কলেজ সূত্রে জানা যায়, এইচএসসি ও ডিগ্রি পর্যায়ের ৫৬ শিক্ষকের পদ রয়েছে। বর্তমানে অধ্যক্ষ-উপাধ্যক্ষসহ ২৬টি শিক্ষকের পদ শূন্য রয়েছে দীর্ঘদিন থেকে। এর মধ্যে ইংরেজি, পদার্থবিজ্ঞান, গণিত, রসায়ন, প্রাণিবিজ্ঞান বিষয়ে মাত্র ১ জন করে শিক্ষক আছেন এবং শরীরচর্চা, লাইব্রেরিয়ান বুক সর্টার বিষয় পদে কেউ নেই। ৫ বছর আগে কলেজটিতে ৭টি বিষয় নিয়ে স্নাতক সম্মান কোর্স চালু হয়। কিন্তু ওইসব বিভাগে নতুন করে শিক্ষক না থাকায় বর্তমানে কর্মরত শিক্ষকরাই সম্মান শ্রেণীর পাঠদান করছেন। নিয়মানুযায়ী সম্মান শ্রেণীর প্রতিটি বিভাগে কম করে হলেও ৪ জন করে শিক্ষক নিয়োগ থাকার কথা।

ইংরেজি বিষয়ে সহকারী অধ্যাপক আঃ ছালাম জানান, ইংরেজি বিষয়টি গুরুত্বপূর্ণ। প্রতিদিন ৮-৯টি ক্লাস করেও অফিসের কাজে ব্যস্ত থাকতে হয়। পদার্থবিজ্ঞানের প্রভাষক মুঃ সিরাজুল মনির বলেন, অতিরিক্ত ক্লাস নিতে গিয়ে হিমশিম খেতে হয়। তদুপরি রয়েছে অফিসিয়াল কাজ, বিশ্রামের সময় থাকে না।

কলেজের নাহিদ (১ম বর্ষ), শিপ্রা (অনার্স ৩য় বর্ষ), অস্মানিন (২য় বর্ষ) জানান, শিক্ষক সংকট, শ্রেণীকক্ষ, খেলাধুলার সরঞ্জাম সংকট, নিজস্ব ক্যান্টিনের অভাব রয়েছে। কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ, দর্শন বিভাগের সহযোগী অধ্যাপক মোঃ মতিউর রহমান যুগান্তর প্রতিনিধিকে জানান, এ কলেজে অধ্যক্ষ-উপাধ্যক্ষসহ ২৬ শিক্ষকের শূন্য পদ রয়েছে। শিক্ষকের অভাবে শিক্ষার্থীদের পড়াশোনা ব্যাহত হচ্ছে। ৫০ শয্যাবিশিষ্ট ছাত্রীনিবাসে বর্তমানে শতাধিক ছাত্রী অবস্থান করছে।



যুগান্তর

বরগুনা সরকারি কলেজ